

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর
(আইসিটি শাখা)
www.dinajpur.gov.bd



জেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব দেবশীষ চৌধুরী
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), দিনাজপুর
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ (কাঞ্চন-১)
তারিখ : ১০ মে ২০২৩ খ্রি.
সময় : সকাল ১১.২০ ঘটিকা

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি কর্তৃক সভার শুরুতেই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয় এবং একই সাথে মহান মুক্তিযুদ্ধের শহীদ বীর মুক্তিযোদ্ধাগণের প্রতি বিনম্র শ্রদ্ধা জানানো হয়। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি) কর্তৃক বিগত সভার কার্যবিবরণী উপস্থিত সদস্যবৃন্দকে পাঠ করে শোনানো হয় এবং সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর নিম্নলিখিত বিষয়ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	সরকারী দপ্তরে নতুন উদ্ভাবনী প্রকল্প গ্রহণ	i) উদ্ভাবনী চিন্তার বিকাশের মাধ্যমে সরকারি দপ্তরে সেবাসমূহকে কিভাবে সহজে, দ্রুত সময়ে সেবা গ্রহীতাদের মাঝে পৌঁছানো যায় সে ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয় এবং কোন সরকারি দপ্তরের এক বা একাধিক নতুন উদ্ভাবনী উদ্যোগ থাকলে তা জেলা ইনোভেশন টিমের নিকট প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। ii) সভায় সকল সরকারি দপ্তরের শোকেসিং যোগ্য উদ্ভাবনী উদ্যোগসমূহের মধ্যে সফল উদ্ভাবনী উদ্যোগসমূহ রেপ্লিকেট করে তার ডকুমেন্ট জেলা ইনোভেশন টিম বরাবর প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।	i) উদ্ভাবনী চিন্তার বিকাশের মাধ্যমে সরকারি দপ্তরে সেবাসমূহকে কিভাবে সহজে, দ্রুত সময়ে সেবা গ্রহীতাদের মাঝে পৌঁছানো যায় সে ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয় এবং কোন সরকারি দপ্তরের এক বা একাধিক নতুন উদ্ভাবনী উদ্যোগ থাকলে তা জেলা ইনোভেশন টিমের নিকট প্রেরণের জন্য জেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের প্রধানগণকে অনুরোধ জানানো হয়। ii) সভায় সকল সরকারি দপ্তরের শোকেসিং যোগ্য উদ্ভাবনী উদ্যোগ সমূহের মধ্যে সফল উদ্ভাবনী উদ্যোগসমূহ রেপ্লিকেট করে তার ডকুমেন্ট জেলা ইনোভেশন টিম বরাবর প্রেরণ করার জন্য জেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের প্রধানগণকে অনুরোধ করা হয়।	জেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর প্রধান দিনাজপুর
০২.	মাঠ পর্যায়ে গৃহীত উদ্ভাবনী প্রকল্পের মূল্যায়ন	উপজেলা ইনোভেশন টিমকে আরো গতিশীল এবং কার্যকর করার লক্ষ্যে নিয়মিত ইনোভেশন টিমের সভা আয়োজন করে গৃহীত উদ্ভাবনী প্রকল্প সমূহের অগ্রগতি ও বর্তমান অবস্থা মূল্যায়ন প্রতিবেদন জেলা ইনোভেশন টিমের নিকট প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়।	উপজেলা পর্যায়ে নিয়মিত ইনোভেশন টিমের সভা করে গৃহীত উদ্ভাবনী প্রকল্প সমূহের অগ্রগতি মূল্যায়ন প্রতিবেদন জেলা ইনোভেশন টিমের নিকট প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), দিনাজপুরকে অনুরোধ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল) দিনাজপুর

অতঃপর আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(দেবশীষ চৌধুরী)

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
দিনাজপুর।

১০২৫৮৯৯২৩৬৬০


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।
(আইসিটি শাখা)
www.dinajpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.২৭০০.০২৫.০০.০৪০.২২- ৭৫ (২৫)

তারিখঃ ২৬ বৈশাখ ১৪৩০
২১ মে ২০২০

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ০২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/এলজিইডি, দিনাজপুর।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার,..... (সকল), দিনাজপুর।
- ০৪। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর।
- ০৫। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর।
- ০৬। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ০৭।
-
-, দিনাজপুর।


(দেবশীষ চৌধুরী)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
দিনাজপুর।
A